## গণপূর্ত অধিদপ্তর কর্তৃক আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নির্দেশিকা, ২০২৬

**প্রস্তাবনা**- 'আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০২৫' অনুযায়ী গণপূর্ত অধিদপ্তর এর সকল কার্যালয়ে আউটসোর্সিং প্রক্রিয়ায় প্রয়োজনীয় সেবা গ্রহণের একটি সুশৃঙ্খল কাঠামো নির্ধারণ করার লক্ষ্যে একটি নির্দেশিকা নিম্নরূপে প্রণয়ন করা হলো।

**১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন-**

(ক) এ নির্দেশিকা **'গণপূর্ত অধিদপ্তর কর্তৃক আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নির্দেশিকা, ২০২৬'** নামে অভিহিত হবে; এবং
(খ) এ নির্দেশিকা অবিলম্বে কার্যকর হবে।

**২। প্রয়োগ**- এই নির্দেশিকা গণপূর্ত অধিদপ্তরের বুকভুক্ত ভবন ও স্থাপনার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

**৩। উদ্দেশ্য**- গণপূর্ত অধিদপ্তর এর সকল কার্যালয়ে আউটসোর্সিং প্রক্রিয়ায় প্রয়োজনীয় সেবা গ্রহণের একটি সুশৃঙ্খল কাঠামো নির্ধারণ করা।

**৪। সংজ্ঞা-**

(ক) **"সেবা ক্রয়কারী"** অর্থ সরকারি তহবিলের অর্থ দ্বারা কোনো সেবা ক্রয়ের জন্য প্রশাসনিক ও আর্থিক ক্ষমতাপ্রাপ্ত কোনো ক্রয়কারী;

(খ) **"সরকারি তহবিল"** অর্থ সরকারি বাজেট হতে ক্রয়কারীর অনুকূলে বরাদ্দকৃত অর্থ অথবা কোনো উন্নয়ন সহযোগী বা বিদেশি রাষ্ট্র বা সংস্থা কর্তৃক সরকারের মাধ্যমে সেবা ক্রয়কারীর অনুকূলে প্রদত্ত অনুদান ও ঋণ এবং এ উদ্দেশ্যে পূর্বকল্পে, সরকারি নীতিমালার কোনো আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো স্ব-শাসিত/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান/সংবিধিবদ্ধ সংস্থা ইত্যাদির তহবিল;

(গ) **"সেবা সরবরাহকারী"** অর্থ আউটসোর্সিং এর জন্য নির্ধারিত সেবা সম্পাদনের উদ্দেশ্যে ক্রয়কারীর সঙ্গে চুক্তি সম্পাদনকারী প্রতিষ্ঠান;

(ঘ) **"সেবা কর্মী"** অর্থ আউটসোর্সিং এর জন্য নির্ধারিত সেবা প্রদানের লক্ষ্যে চুক্তিবদ্ধ বাংলাদেশি নাগরিক;

(ঙ) **'গণপূর্ত অধিদপ্তর এর আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ পরিবীক্ষণ কমিটি"** অর্থ গণপূর্ত অধিদপ্তর এর কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত কমিটি, যা আউটসোর্সিং সম্পর্কিত কার্যক্রম পরিবীক্ষণ করবে;

(ঝ) **'আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০২৫'** অর্থ অর্থমন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নীতিমালা।

(চ) **"আউটসোর্সিং"** অর্থ সেবা ক্রয়কারী কর্তৃক পাবলিক প্রকিউরমেন্ট অ্যাক্ট, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট রুলস, ২০২৫ অনুসরণে 'আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০২৫' নীতিমালার অধীন নির্ধারিত সেবা ক্রয়;

(ছ) **"সেবা"** অর্থ 'আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০২৫' নীতিমালার অধীন আউটসোর্সিং এর জন্য তফসিলে নির্ধারিত কোনো কাজ; এবং

(জ) **"সেবামূল্য"** অর্থ 'আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০২৫' নীতিমালার অধীন আউটসোর্সিং এর জন্য তফসিলে নির্ধারিত কাজ/সেবার বিপরীতে সরকার কর্তৃক নির্ধারিত মূল্য।

**৫। আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণের ক্ষেত্রে অনুসরণীয় বিষয়াবলী**

৫.১। অর্থ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত **'আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা ২০২৫'** যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫.২। ভবনের ক্যাটাগরির ভিত্তিতে আউটসোর্সিং সেবা ক্রয়ের প্রয়োজন অনুযায়ী কাজের ধরণ ও সংখ্যা নির্ধারিত হবে। ব্যবহারের ভিত্তিতে ভবনের ক্যাটাগরী নিম্নরূপে নির্ধারণ করা হলো-

| ভবন ব্যবহার প্রকৃতি | ক্যাটাগরি** |
|---|---|
| আবাসিক (কলোনী) | গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-১ |
| আবাসিক (একক) | গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-২ |
| আবাসিক (গেজেটেড/ নন গেজেটেড ডরমিটরী) | গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-৩ |

| | |
|---|---|
| অনাবাসিক (গণপূর্ত অধিদপ্তরের নিজস্ব অফিস সমূহ) | গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-৪ |
| অনাবাসিক (সমন্বিত অফিস ভবন) | গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-৫ |
| হাসপাতাল | গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-৬ |
| মেডিকেল ও নার্সিং কলেজ | গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-৭ |
| প্রাধিকারভুক্ত আবাসিক/ অনাবাসিক | গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-৮ |
| গণপূর্ত আইবি | গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-৯ |
| পার্ক/ উদ্যান | গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-১০ |

**** গণপূর্ত স্থাপনা সমূহের ক্যাটাগরি সংশ্লিষ্ট বিশদ বিবরণ 'পরিশিষ্ট ক' এ উল্লেখ করা হলো।**

৫.৩। ভবনের ক্যাটাগরি অনুযায়ী গ্রহণযোগ্য সেবা-

৫.৩.১। আবাসিক ভবন- কলোনী (গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-১) এর ক্ষেত্রে গ্রহণযোগ্য সেবা

**(ক) নিরাপত্তা সেবা-** আবাসিক ভবন কম্পাউন্ডের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে কম্পাউন্ডের প্রতি প্রবেশ গেইটে ২ জন করে তিন শিফটে সর্বোচ্চ ৬ জন নিরাপত্তা কর্মী সরবরাহ করা যাবে। কলোনীর গেইট সংখ্যা দুয়ের অধিক হলে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী 'গণপূর্ত অধিদপ্তর এর আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ পরিবীক্ষণ' কমিটির সাথে আলোচনা পূর্বক যৌক্তিকতা সাপেক্ষে নির্ধারণ করবে।

**(খ) লিফট সার্ভিসিং-** লিফটের জরুরী সার্ভিসিং সংক্রান্ত সহায়তার জন্য সকাল ৭টা থেকে রাত ১১টা পর্যন্ত প্রতি ১০টি লিফটের জন্য ২ শিফটে ২ জন লিফট মেকানিক নিয়োজিত করা যাবে।

**(গ) জেনারেটর ও পাম্প পরিচালনা ও সার্ভিসিং-** জেনারেটর ও পাম্প পরিচালনা ও জরুরী ইলেক্ট্রিক সার্ভিসিং সংক্রান্ত সহায়তার এর জন্য প্রতি কম্পাউন্ডে একজন টেকনিশিয়ান এবং ১ জন অপারেটর নিয়োজিত করা যাবে।

**(ঘ) বাগান পরিচর্যা-** বাগান রক্ষণাবেক্ষণ ও গাছের পরিচর্যার জন্য প্রতি ১ একর অথবা ভগ্নাংশের জন্য ১ জন মালি নিয়োজিত করা যাবে।

**(ঙ) জরুরী মেরামত-** জরুরী মেরামত কাজ সম্পাদনের জন্য প্রতি ২০০ ফ্ল্যাটের জন্য ১ জন প্লাম্বার, ১ জন প্লাম্বার সহকারী, ১ জন ইলেক্ট্রিশিয়ান, ১ জন ইলেক্ট্রিশিয়ান সহকারী এবং প্রতি ৪০০ ফ্ল্যাটের জন্য ১ জন কাঠ মিস্ত্রি, ১ জন এলুমিনিয়াম ফেব্রিকেটর নিয়োজিত করা যাবে।

৫.৩.২। আবাসিক ভবন- একক (গণপূর্ত স্থাপনা ক্যাটাগরী-২) এর ক্ষেত্রে গ্রহণযোগ্য সেবা

**(ক) নিরাপত্তা সেবা-** আবাসিক ভবন কম্পাউন্ডের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে কম্পাউন্ডের প্রতি প্রবেশ গেইটে ১ জন করে তিন শিফটে সর্বোচ্চ ৩ জন নিরাপত্তা কর্মী সরবরাহ করা যাবে।

৫.৩.৩। আবাসিক ভবন- গেজেটেড/ নন গেজেটেড ডরমিটরি (গণপূর্ত স্থাপনা ক্যাটাগরী-৩) এর ক্ষেত্রে গ্রহণযোগ্য সেবা

**(ক) নিরাপত্তা সেবা-** সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে কম্পাউন্ডের প্রতি প্রবেশ গেইটে ১ জন করে তিন শিফটে সর্বোচ্চ ৩ জন নিরাপত্তা কর্মী সরবরাহ করা যাবে।

৫.৩.৪। অনাবাসিক ভবন- গণপূর্ত অধিদপ্তরের নিজস্ব অফিস সমূহ- (গণপূর্ত স্থাপনা ক্যাটাগরী-৪) এর ক্ষেত্রে গ্রহণযোগ্য সেবা

**(ক) নিরাপত্তা সেবা-** সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে কম্পাউন্ডের প্রতি প্রবেশ গেইটে ২ জন করে তিন শিফটে সর্বোচ্চ ৬ জন নিরাপত্তা কর্মী সরবরাহ করা যাবে।

**(খ) লিফট পরিচালনা ও সার্ভিসিং-** লিফট পরিচালনা ও জরুরী সার্ভিসিং সংক্রান্ত সহায়তার এর জন্য অফিস চলাকালীন সময়ে দুইজন লিফট মেকানিক/ অপারেটর নিয়োজিত করা যাবে।

**(গ) জেনারেটর ও পাম্প পরিচালনা ও সার্ভিসিং-** জেনারেটর ও পাম্প পরিচালনা ও জরুরী ইলেক্ট্রিক সার্ভিসিং সংক্রান্ত সহায়তার এর জন্য প্রতি কম্পাউন্ডে ১ জন টেকনিশিয়ান এবং ১ জন অপারেটর নিয়োজিত করা যাবে।

**(ঘ) বাগান পরিচর্যা-** বাগান রক্ষণাবেক্ষণ ও গাছের পরিচর্যার জন্য প্রতি ১ একর অথবা ভগ্নাংশের জন্য ১ জন মালি নিয়োজিত করা যাবে।

**(ঙ) পরিষ্কার-পরিচ্ছন্নতা-** ভবনের প্রতি ৫০০০ বর্গফুট অথবা ভগ্নাংশের জন্য ১ জন এবং বহিরাঙ্গনের প্রতি ১ একর অথবা ভগ্নাংশের জন্য ১ জন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করা যাবে।

Scanned with CamScanner

(চ) **জরুরী মেরামত-** জরুরী মেরামত কাজ সম্পাদনের জন্য ১ জন প্লাম্বার এবং ১ জন ইলেক্ট্রিশিয়ান নিয়োজিত করা যাবে।

৫.৩.৫। অনাবাসিক ভবন- সমন্বিত অফিস ভবন- **(গণপূর্ত স্থাপনা ক্যাটাগরী-৫) এর ক্ষেত্রে গ্রহণযোগ্য সেবা**

(ক) **নিরাপত্তা সেবা-** সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে কম্পাউন্ডের প্রতি প্রবেশ গেইটে তিন শিফটে সর্বোচ্চ ৬ জন নিরাপত্তা কর্মী সরবরাহ করা যাবে।

(খ) **লিফট পরিচালনা ও সার্ভিসিং-** লিফট পরিচালনা ও জরুরী সার্ভিসিং সংক্রান্ত সহায়তার এর জন্য অফিস চলাকালীন সময়ে দুইজন লিফট মেকানিক/ অপারেটর নিয়োজিত করা যাবে।

(গ) **জেনারেটর ও পাম্প পরিচালনা ও সার্ভিসিং-** জেনারেটর ও পাম্প পরিচালনা ও জরুরী ইলেক্ট্রিক সার্ভিসিং সংক্রান্ত সহায়তার এর জন্য ১ জন টেকনিশিয়ান / অপারেটর নিয়োজিত করা যাবে।

(ঘ) **বাগান পরিচর্যা-** বাগান রক্ষণাবেক্ষণ ও গাছের পরিচর্যার জন্য প্রতি ১ একর অথবা ভগ্নাংশের জন্য ১ জন মালি নিয়োজিত করা যাবে।

(ঙ) **পরিষ্কার-পরিচ্ছন্নতা-** প্রতি ১ একর অথবা ভগ্নাংশের জন্য ১ জন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করা যাবে।

৫.৩.৬। **হাসপাতাল ভবনের (গণপূর্ত স্থাপনা ক্যাটাগরী-৬) ক্ষেত্রে গ্রহণযোগ্য সেবা**

৫.৩.৬.১ **বিভাগীয় সদর/জেলা সদর এর ৫০০ বেড হাসপাতাল**

ক) **লিফট পরিচালনা ও সার্ভিসিং-** লিফট পরিচালনা ও জরুরী সার্ভিসিং সংক্রান্ত সহায়তার জন্য বিভাগীয় শহরে অবস্থিত হাসপাতাল ভবন/ভবন সমূহে সকাল ৭টা থেকে দুপুর ৩টা পর্যন্ত প্রতি লিফটের জন্য ১জন অপারেটর এবং অন্য সময়ে প্রতি ২টি লিফটের জন্য ১জন অপারেটর নিয়োজিত করা যাবে। সকালের শিফটে প্রতি ৪টি লিফটে (বা তার ভগ্নাংশ) জন্য ১জন লিফট মেশিন রুম এটেনডেন্ট এবং অন্যান্য শিফটে প্রতি ৬টি লিফট (বা তার ভগ্নাংশ) এর জন্য ১জন মেশিন রুম এটেনডেন্ট বা লিফট টেকনিশিয়ান/লিফট মেকানিক নিয়োজিত করা যাবে।

খ) **জেনারেটর পরিচালনা ও সার্ভিসিং-** জেনারেটর পরিচালনা ও জরুরী ইলেকট্রিক/মেকানিক্যাল সার্ভিসিং সংক্রান্ত সহায়তার জন্য প্রতি কম্পাউন্ডে ২জন্য টেকনিশিয়ান/অপারেটর নিয়োজিত করা যাবে। (সকালের শিফটে- ১জন, রাতের শিফটে ১জন)।

গ) **পাম্প পরিচালনা ও সার্ভিসিং-** পানির পাম্প পরিচালনা ও জরুরী ইলেকট্রিক সার্ভিসিং সংক্রান্ত সহায়তার জন্য প্রতি কম্পাউন্ডে ২জন (সকাল শিফট- ১জন+দুপুর শিফট- ১জন)।

ঘ) **জরুরী মেরামত-** জরুরী প্লাম্বিং/স্যানিটারি সংক্রান্ত মেরামত কাজের জন্য মোট ৩জন এবং ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল সংক্রান্ত মেরামত কাজের জন্য ২জন ইলেকট্রিশিয়ান ও ২জন ইলেকট্রিক হেলপার নিয়োজিত করা যাবে।

ঙ) **পরিষ্কার পরিচ্ছন্নতা-** বহিরাঙ্গনের ড্রেন/এপ্রোন পরিষ্কারের জন্য ২জন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করা যাবে।

৫.৩.৬.২ **২৫০ বেড হাসপাতাল**

**ক) লিফট পরিচালনা ও সার্ভিসিং-** লিফট পরিচালনা ও জরুরী সার্ভিসিং সংক্রান্ত সহায়তার জন্য জেলা শহরে অবস্থিত ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল ভবন/ভবন সমূহে সকাল ৭টা থেকে দুপুর ৩টা পর্যন্ত প্রতি লিফটের জন্য ১জন অপারেটর এবং অন্য সময়ে প্রতি ২টি লিফটের জন্য ১জন অপারেটর নিয়োজিত করা যাবে। সকালের শিফটে প্রতি ৪টি লিফটে (বা তার ভগ্নাংশ) জন্য ১জন লিফট মেশিন রুম এটেনডেন্ট এবং অন্যান্য শিফটে প্রতি ৬টি লিফট (বা তার ভগ্নাংশ) এর জন্য ১জন মেশিন রুম এটেনডেন্ট বা লিফট টেকনিশিয়ান/লিফট মেকানিক নিয়োজিত করা যাবে।

**খ) জেনারেটর পরিচালনা ও সার্ভিসিং-** জেনারেটর পরিচালনা ও জরুরী ইলেকট্রিক/মেকানিক্যাল সার্ভিসিং সংক্রান্ত সহায়তার জন্য প্রতি কম্পাউন্ডে ২জন টেকনিশিয়ান/অপারেটর নিয়োজিত করা যাবে। (সকালের শিফটে- ১জন, রাতের শিফটে ১জন)।

**গ) পাম্প পরিচালনা ও সার্ভিসিং-** পানির পাম্প পরিচালনা ও জরুরী ইলেকট্রিক সার্ভিসিং সংক্রান্ত সহায়তার জন্য প্রতি কম্পাউন্ডে ২জন (সকাল শিফট- ১জন+দুপুর শিফট- ১জন)।

Scanned with CamScanner

ঘ) **জরুরী মেরামত-** জরুরী প্লাম্বিং/স্যানিটারি সংক্রান্ত মেরামত কাজের জন্য মোট ৩জন এবং ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল সংক্রান্ত মেরামত কাজের জন্য ১জন ইলেকট্রিশিয়ান ও ১জন ইলেকট্রিক হেলপার নিয়োজিত করা যাবে।

ঙ) **পরিষ্কার পরিচ্ছন্নতা-** বহিরাঙ্গনের ড্রেন/এপ্রোন পরিষ্কারের জন্য ১জন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করা যাবে।

**৫.৩.৭। মেডিকেল ও নার্সিং কলেজ (গণপূর্ত স্থাপনা ক্যাটাগরী-৭) ক্ষেত্রে গ্রহণযোগ্য সেবা**

(ক) **লিফট পরিচালনা ও সার্ভিসিং-** জরুরী সার্ভিসিং সংক্রান্ত সহায়তার এর জন্য প্রতি ৬ বা ৬ এর কম সংখ্যক লিফটের জন্য ১ জন লিফট মেকানিক নিয়োজিত করা যাবে।

(খ) **জেনারেটর ও পাম্প পরিচালনা ও সার্ভিসিং-** জেনারেটর ও পাম্প পরিচালনা ও জরুরী সার্ভিসিং সংক্রান্ত সহায়তার এর জন্য ১ জন টেকনিশিয়ান এবং ১ জন অপারেটর নিয়োজিত করা যাবে।

(গ) **জরুরী মেরামত-** জরুরী মেরামত কাজ সম্পাদনের জন্য প্রতি ২৫০ জন শিক্ষার্থী সম্বলিত কলেজের জন্য ১ জন প্লাম্বার, ১ জন প্লাম্বার সহকারী, ১ জন ইলেক্ট্রিশিয়ান ও ১ জন ইলেক্ট্রিশিয়ান সহকারী নিয়োজিত করা যাবে।

**৫.৩.৮। প্রাধিকারভুক্ত আবাসিক/ অনাবাসিক (গণপূর্ত স্থাপনা ক্যাটাগরী-৮) ক্ষেত্রে গ্রহণযোগ্য সেবা**

প্রত্যাশী সংস্থার চাহিদা এবং গণপূর্ত অধিদপ্তরের এ সংক্রান্ত কমিটির সাথে আলোচনা পূর্বক যৌক্তিকতা সাপেক্ষে কাজের ধরণ ও সংখ্যা নির্ধারিত হবে।

**৫.৩.৯। গণপূর্ত আইবি (গণপূর্ত স্থাপনা ক্যাটাগরী-৯) ক্ষেত্রে গ্রহণযোগ্য সেবা**

(ক) **হাউসকিপিং-** হাউসকিপিং এর জন্য ২ জন সেবাকর্মী নিয়োজিত করা যাবে।

(খ) **বাবুর্চি-** বিভাগীয় শহর ও পর্যটন জেলায় আইবিতে অবস্থানরত অতিথিদের আপ্যায়নের জন্য ১ জন বাবুর্চি ও ১ জন সহকারি নিয়োজিত করা যাবে।

(গ) **নিরাপত্তা-** সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে কম্পাউন্ডের প্রতি প্রবেশ গেইটে তিন শিফটে সর্বোচ্চ ৩ জন নিরাপত্তা কর্মী সরবরাহ করা যাবে।

**৫.৩.১০। পার্ক (গণপূর্ত স্থাপনা ক্যাটাগরী-১০) রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে গ্রহণযোগ্য সেবা**

(ক) **নিরাপত্তা সেবা-** সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে পার্কের প্রতি প্রবেশ গেইটে তিন শিফটে সর্বোচ্চ ৬ জন নিরাপত্তা কর্মী সরবরাহ করা যাবে।

(খ) **বাগান পরিচর্যা ও ল্যান্ডস্ক্যাপিং-** বাগান রক্ষণাবেক্ষণ ও গাছের পরিচর্যার জন্য প্রতি ১ একর অথবা ভগ্নাংশের জন্য ১ জন মালি এবং ৩ একর অথবা ভগ্নাংশের জন্য ১ জন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করা যাবে।

**৫.৪। গণপূর্ত অধিদপ্তর এর আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ পরিবীক্ষণ কমিটি-**

আউটসোর্সিং প্রক্রিয়ায় কার্যক্রম পরিবীক্ষণ ও তত্ত্বাবধানের লক্ষ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাদের নিয়ে নিম্নরূপ কমিটি গঠিত হবে-

| ক্র: নং: | কর্মকর্তা | পদবী |
|---|---|---|
| ১ | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন) | আহবায়ক |
| ২ | নির্বাহী প্রকৌশলী, স্টাফ অফিসার, সংশ্লিষ্ট জোন কার্যালয় | সদস্য |
| ৩ | নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন) | সদস্য সচিব |
| ৪ | নির্বাহী প্রকৌশলী (সমন্বয়) | সদস্য |
| ৫ | নির্বাহী প্রকৌশলী, সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগ | সদস্য |

(ক) এ কমিটি সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অধীন অধিদপ্তর/পরিদপ্তর/প্রতিষ্ঠানের জন্য আউটসোর্সিং সেবা ক্রয়ের প্রয়োজন অনুযায়ী কাজের ধরণ ও সংখ্যা নির্ধারণ করবে;

(খ) সেবাকর্মীর সেবামূল্য পাওয়ার নিশ্চয়তাসহ আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী কার্যক্রম পর্যবেক্ষণ করবে;

Scanned with CamScanner

(গ) সেবার মেয়াদ বৃদ্ধির যৌক্তিকতা বিবেচনাপূর্বক এ কমিটি সুপারিশসহ প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে অর্থ বিভাগে প্রেরণ করবে; এবং

৬। **বিবিধ-**

(ক) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা ক্রয়ের প্রস্তাবনা প্রেরণের সময় নিম্নলিখিত তথ্যাদি সংযুক্ত করতে হবে-

- সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগে রাজস্ব, ভাউচার, মাস্টার রোল, ওয়ার্ক চার্জ, আউটসোর্সিং এ নিয়োজিত পূর্ণাঙ্গ জনবলের তালিকা।
- ভবনের প্লিন্থ এরিয়া (বর্গফুট) এবং পার্ক/ কম্পাউন্ডের সর্বমোট এরিয়া (একর)

(খ) বিশেষায়িত ইলেক্ট্রো-মেকানিকাল কাজের জন্য এ সংক্রান্ত কমিটির সাথে আলোচনা পূর্বক কাজের ধরণ ও সংখ্যা নির্ধারিত হবে।

(গ) মাঠ পর্যায়ের গণপূর্ত বিভাগের বিশেষ প্রয়োজনীয়তা সাপেক্ষে এ সংক্রান্ত কমিটির সাথে আলোচনা পূর্বক সর্বোচ্চ ৩ জন পরিচ্ছন্নতা কর্মী নিয়োজিত করা যাবে।

Scanned with CamScanner

পরিশিষ্ট ক

গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-১: গণপূর্ত অধিদপ্তরের বুকভুক্ত সকল আবাসিক কলোনী এই ক্যাটাগরির অন্তর্ভুক্ত হবে।

গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-২: গণপূর্ত অধিদপ্তরের বুকভুক্ত সকল আবাসিক একক ভবন এই ক্যাটাগরির অন্তর্ভুক্ত হবে।

গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-৩: গণপূর্ত অধিদপ্তরের বুকভুক্ত সকল আবাসিক গেজেটেড/ নন গেজেটেড ডরমিটরী এই ক্যাটাগরির অন্তর্ভুক্ত হবে।

গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-৪: গণপূর্ত অধিদপ্তরের নিজস্ব অফিস সমূহ এই ক্যাটাগরির অন্তর্ভুক্ত হবে।

গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-৫: বিভিন্ন জেলায় অবস্থিত সমন্বিত অফিস ভবন সমূহ এই ক্যাটাগরির অন্তর্ভুক্ত হবে।

গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-৬: গণপূর্ত অধিদপ্তরের বুকভুক্ত সকল হাসপাতাল এই ক্যাটাগরির অন্তর্ভুক্ত হবে।

গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-৮: গণপূর্ত অধিদপ্তরের বুকভুক্ত সকল প্রাধিকারভুক্ত আবাসিক/ অনাবাসিক ভবন সমূহ এই ক্যাটাগরির অন্তর্ভুক্ত হবে।

গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-৯: গণপূর্ত অধিদপ্তরের নিজস্ব আই বি সমূহ এই ক্যাটাগরির অন্তর্ভুক্ত হবে।

গণপূর্ত স্থাপনা ক্যাটাগরি-১০: গণপূর্ত অধিদপ্তরের বুকভুক্ত সকল পার্ক ও উদ্যান এই ক্যাটাগরির অন্তর্ভুক্ত হবে।

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পওু বি প্র),
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন),
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়),
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
প্রকল্প সার্কেল-১,
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
গণপূর্ত ই/এম এমআইএস সার্কেল,
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
ঢাকা গণপূর্ত সার্কেল-১,
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী,
ঢাকা গণপূর্ত সার্কেল-২,
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন-১),
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

নির্বাহী প্রকৌশলী (ও এন্ড এম),
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

নির্বাহী প্রকৌশলী (সমন্বয়),
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

নির্বাহী প্রকৌশলী,
নগর গণপূর্ত বিভাগ,
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

নির্বাহী প্রকৌশলী,
ঢাকা গণপূর্ত বিভাগ-৪,
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

নির্বাহী প্রকৌশলী,
গণপূর্ত ই/এম বিভাগ-১,
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

Scanned with CamScanner